

ভোলানাথ । Certainly—আর ভাল ভাল লোক রয়েছেন এতে—দেবেন ঠাকুর—রাধাকান্ত দেব—জয়কেষ্ট মুখোজ্য, প্রসন্নকুমার ঠাকুর ।
The best men of the country are going to be assembled to uphold the cause of the native people.

গৌরদাস । তোমার native people কথাটার মনে পড়ল—our মধু fought for this very word in Madras.

ভূদেব । কি রকম ?

গৌরদাস । মাদ্রাজে দেশীদের বলত native man আর সায়েবদের বলত European gentleman. মধু খবরের কাগজে লেখালেখি করে native man কথাটা তাড়িয়েছে সে দেশ থেকে !

ভোলানাথ । ও ত সেখানে মাস্টারি করে, না ?

গৌর । হ্যাঁ, খৃষ্টানদের একটা male orphan asylum আছে, সেইখানে চাকরি করে । কয়েকটা কাগজেও লেখে—Madras Circulator, Hindu Chronicle, Spectator, Athenæum—এই সব কাগজে ওর লেখা থাকে । Timothy Penpoem ত ওরই ছদ্মনাম । Circulator কাগজে ওর Visions of the Past পড় নি ?

ভূদেব । যেটা ওর Captive Lady-র শেষে আছে ?

গৌর । হ্যাঁ ।

ভূদেব । না, Circulator-এ পড়িনি । তবে বইটাতে পড়েছি ।

ভোলানাথ । সে ত সেখানে বিয়ে করেছে শুনেছি ।

গৌর । Oh, yes—not a কালী মেমসায়ের—but a real Scotch girl.—মিস্ ম্যাঙ্কাভিস্ রেবেকা ! He procured his wife from the female section of the orphan school.

ভোলানাথ । And this is quite befitting Madhu. Really I respect the revolutionary in him—always after adventures.

ভূদেব । কিছুদিন আগে সে মাদ্রাজ থেকে আমাকে একটা চিঠি লিখেছিল—প্রকাণ্ড চিঠি । তাতে আমাকে অনুরোধ করেছিল তার Captive Lady-র ওপর সংস্কৃত বই থেকে যজ্ঞ টীকা বিষয়ে note লিখে দিতে । He wanted to republish the book.—আমার আর সময় হয়ে উঠল না !

ভোলানাথ । I wonder if he is happy there.

গৌর । কি জানি—আজকাল চিঠিপত্রও লেখে না আর । বহুদিন তার চিঠি পাই নি ।

ভূদেব । সে বেঁচে আছে কি না—তাই ত অনেকে সন্দেহ করছে । শুনেছি তার আত্মীয় স্বজনেরা নাকি—

গৌর । His relatives are rogues ! মধু যে বেঁচে আছে সে বিষয়ে কোন সন্দেহ নাই ! You can feel his fist in Hindu Chronicle of which, I think, he is the editor. I read the paper regularly.

ভোলানাথ । কতদিন তার খবর পাও নি ?

গৌর । তা প্রায় বছর দুই হবে ! অথচ—he sends the paper Hindu Chronicle to me regularly.

ভোলানাথ । সে আমাদের একদম ভুলে গেছে ।

ভূদেব । I am sorry for his mother—জীবন্মৃত হয়ে আছেন শুনলাম ।

ভোলানাথ । ওর বাপও কেমন যেন হয়ে গেছেন আজকাল ।

গৌর । ভদ্রলোক আরও তিন-তিনবার বিয়ে করলেন কিন্তু একটীও ছেলে হ'ল না ! *What a pity !*

ভূদেব । সত্যি মধু যদি ক্রিষ্টান না হ'ত ! আমরা একটা জিনিয়াস হারানাম । তা না হ'লে বাঙালীর ছেলে হয়ে ইংরিজিতে *Captive Lady*-র মত একখানা বই লিখতে পারে ? বাঙলা ভাষায় যদি ও লিখত ! মাদ্রাজে অত দুঃখ কষ্টের মধ্যে পড়েও *Captive Lady*-র মত একখানা বই লিখেছে—*Just think of it.*

ভোলানাথ । *It rose as an Aurora Borealis from amidst the stern cold of want and poverty !* আরে বাবা, আমাদের কাশীপ্রসাদ ঘোষ, গুরুচরণ দত্ত, ও-সি-দত্ত—আরও সব কে কে যেন ইংরেজিতে কবিতা লিখেছে—but *Madhu distances them all.* ও বাঙলা লিখলে বাঙলা ভাষার চেহারা বদলে যাবে । বিশেষত কবিতার । আমাদের ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তবু গগণটার অনেকটা পক্ষোদ্ধার করেছে ! উঃ, কি গগণই ছিল আমাদের ! পাষণ্ডপীড়ন, প্রতাপাদিত্য-চরিত, বেদান্তচন্দ্রিকা—কি সঙ্গীন ভাষা হে !

গৌরদাস । মধু বাঙলা লিখলে অদ্ভুত কাণ্ড হয় । তুমি যা বলেছ বিদ্যাসাগরের 'বেতাল পঞ্চবিংশতি' 'বোধোদয়' বাংলা গণের ভোলটা ফিরিয়েছে । কিন্তু বাঙলা কবিতা এখনও সেই—দাশু রায়ের পাঁচালি, আর ঈশ্বর গুপ্তের অনুপ্রাস !—*We are sick of it. Shakespeare, Milton* পড়বার পর এসব অত্যন্ত *tame* মনে হয় । মধু বাঙলা লিখলে নতুন কিছু পেতাম আমরা ! *His imagination has a Miltonic grandeur.* মধুর কিন্তু বাঙলা ভাষার দিকে একটু যেন খেয়াল হয়েছিল কিছুদিন আগে—

ভূদেব । কি ক'রে বুঝলে ?

গৌরদাস । প্রথম প্রথম ও যখন চিঠি লিখত আমায় মাদ্রাজ থেকে তখন হঠাৎ একটা চিঠিতে ও কাশীরাম দাসের মহাভারত আর কৃতিবাসের রামায়ণ চেয়ে পাঠিয়েছিল । This shows that he at least developed an interest for Bengali literature.

ভূদেব । তাছাড়া এই 'হরকরা'তেই ওর Captive Lady-র যা সমালোচনা বেরিয়েছিল তাতেও ওর মনে আঘাত লাগবার কথা ।

ভোলানাথ । 'হরকরা'র কথা আর বল না ! 'হরকরা' is after all 'হরকরা'—সে কাব্যের কি বোঝে হে ! 'হরকরা' গেছেন মধুর কাব্যসমালোচনা করতে ! Look at its cheek !

গৌরদাস । মধু তাতে মোটেই দমে নি—সে পাত্র সে নয় । তবে বেখুন সায়েব যে চিঠিখানা লিখেছিলেন ওকে—তাতে হয়ত ওর মত বদলালেও বদলাতে পারে । It was a very decent letter.

ভূদেব । কি লিখেছিলেন বেখুন সায়েব ?

গৌরদাস । লিখেছিলেন যে Captive Lady বইখানা ভালই হয়েছে, কিন্তু মধুর মত শিক্ষিত প্রতিভাবান কবি যদি বাঙলা ভাষায় বই লেখে তা'হলে বাঙলা সাহিত্যে তার চিরস্থায়ী কীর্তি থেকে যাবে । বাঙালী সাহিত্যিকের পক্ষে ইংরিজিতে কিছু লিখতে যাওয়া পণ্ডশ্রম !

ভোলানাথ । আশ্চর্য্য লোক এই বেখুন সায়েব ! মেয়েদের অমন একটা ভাল স্কুল ত স্থাপন করেইছে—শুনি নাকি ছোট ছোট মেয়েদের পিঠে ক'রে নিয়ে ঘোড়ার মত হয়ে খেলা করে তাদের সঙ্গে !

ভূদেব । আঃ—কথার মাঝখানে ফ্যাক্‌ড়া বার কর কেন ? ই্যা—বেখুন সায়েবের চিঠি পেয়ে মধু কিছু লিখেছিল ?

গৌর । ই্যা—অনেক কিছু লিখেছিল—That is the last letter I got from him—দাঁড়াও চিঠিখানা দেখাই তোমাদের ।

নিকটস্থ একটা দেরাজ খুলিয়া খুঁজিতে
লাগিলেন

ভোলানাথ । We should be ashamed that we could not procure him many customers for his Captive Lady.

যড়িতে টং টং করিয়া দশটা বাজিল

ভূদেব । রাত হয়েছে ত ! এবার যেতে হবে—কাল আবার চাকরি আছে—

ভোলানাথ । • মাদ্রাসার চাকরি তোমার লাগছে কেমন হে !

ভূদেব । মন্দ নয়—তবে চাকরি—চাকরিই !

গৌরদাস । আশ্চর্য্য ত—চিঠিখানা কোথায় রাখলাম !

ভূদেব । তুমি খুঁজে রেখো—আর একদিন এসে দেখা যাবে ।

ভোলানাথ । হ্যাঁ সেই ভাল—যেতেও ত হবে অনেকদূর—তাও আবার চরণবাবুর জুড়িতে !

গৌরদাস । কোথা গেল চিঠিখানা ! আচ্ছা, তোমরা এসো তবে—Good Night.

ভূদেব ও ভোলানাথ । Good Night.

চলিয়া গেলেন । গৌরদাস তথাপি পত্রখানি খুঁজিতে লাগিলেন । কিছুক্ষণ পরে পত্রটি তিনি খুঁজিয়া পাইলেন

গৌরদাস । এই যে—

মধুর সমস্ত চিঠিগুলি লইয়া তিনি কোচের উপর শুইয়া শুইয়া পড়িতে লাগিলেন । পড়িতে পড়িতে হঠাৎ তাঁহার তন্দ্রার যত আসিল তিনি ঘুমাইয়া পড়িলেন । তিনি স্বপ্ন দেখিতে লাগিলেন—যেন তিনি মাদ্রাজ গিয়াছেন । মধুসূদনের বিভিন্ন পত্রে বর্ণিত বিষয়গুলি মানসপটে ফুটিয়া উঠিতে লাগিল । মধু যেন অধ্যয়ন নিরত.—চারিদিকে বই স্ত পীকৃত—রেবেকা আসিয়াছে—পাওনাদার—